

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ

নং-২০.০০.০০০০.৩০৯.২৪.৫৬০.১৭- ১০৮

তারিখঃ ২৬ ফেব্রুয়ারি, ২০১৯ খ্রিস্টাব্দ
০১ মার্চ, ১৪২৫ বঙ্গাব্দ
স্বাক্ষর

প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
পরিকল্পনা বিভাগ
হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়ঃ পরিকল্পনা বিভাগের অধীন সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ কর্তৃক আন্তর্জাতিক সংস্থা Association of Asian Social Science Research Councils (AASSREC) -এর ২০১৮ সালের বার্ষিক চাঁদা বাবদ ৬০০ (ছয়শত) মার্কিন ডলার পরিশোধের নিমিত্ত প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ, হিসাব ভবন, ফেজ-৩, সেগুনবাগিচা, ঢাকা-কে 'অথরিটি' প্রদান।


মহোদয়,

আপনার সানুগ্রহ দৃষ্টি আকর্ষণপূর্বক নির্দেশিত হয়ে জানাচ্ছি যে, পরিকল্পনা বিভাগের অধীন 'সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ' আন্তর্জাতিক পর্যায়ে 'Association of Asian Social Science Research Councils (AASSREC)' -শীর্ষক আন্তর্জাতিক সংস্থার নিয়মিত ও পূর্ণাঙ্গ সদস্য হিসেবে বিগত ১৯৭৭ সাল থেকে বার্ষিক চাঁদা পরিশোধ করে আসছে। ইতঃপূর্বে উল্লিখিত আন্তর্জাতিক সংস্থাটির সর্বশেষ ২০১৭ সালের ৬০০ (ছয়শত) মার্কিন ডলার পরিশোধ করা হয়েছে।

০২। উক্ত আন্তর্জাতিক সংস্থাটির ২০১৮ সালের বার্ষিক চাঁদা বাবদ ৬০০ (ছয়শত) মার্কিন ডলার পরিশোধের জন্য চলতি ২০১৮-২০১৯ অর্থ বছরের বাজেটে পরিকল্পনা বিভাগের অনুকূলে "৩২১১১১২: চাঁদা" খাতে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার সংস্থান রাখা হয়েছে (সংযুক্তি-ক)। বর্তমান স্থানীয় বৈদেশিক মুদ্রা বিনিময় হার অনুযায়ী প্রতি মার্কিন ডলার আনুমানিক ৮৪/- টাকা হারে (৬০০ X ৮৪)=৫০,৪০০/- (পঞ্চাশ হাজার চারশত) টাকা ব্যয় হবে। এছাড়া উল্লিখিত আন্তর্জাতিক সংস্থার নিম্নবর্ণিত ঠিকানায় চাঁদা প্রেরণের জন্য প্রয়োজনীয় সার্ভিস চার্জ বাবদ ব্যয়ও সংশ্লিষ্ট খাত হতেই নির্বাহযোগ্য।

০৩। এমতাবস্থায়, আন্তর্জাতিক প্রতিষ্ঠান AASSREC এর অনুকূলে ২০১৮ সালের বার্ষিক চাঁদা বাবদ ৬০০ (ছয়শত) মার্কিন ডলার নিম্নোক্ত ঠিকানায় প্রেরণের যথাবিহিত ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে বিনীত অনুরোধ জানাচ্ছি।

সংযুক্তিঃ বর্ণনামতে।


(ড. উত্তম কুমার দাস)
উপসচিব
ফোনঃ ৯১৮০৫৯৮

চাঁদা প্রেরণের ঠিকানাঃ

Payment can be made by cheque payable to ASSA or remitted electronically to:
Account Name : Academy of the Social Sciences in Australia (ASSA)
Main Account
Branch No. : 06 2903, Account No. : 00905715
Name of Bank : Commonwealth Bank
Branch of Bank: Australian National University, Canberra A.C.T.
Swift Code : CTBAAU2S

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

- ১। অতিরিক্ত সচিব-৫, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
- ২। মহাব্যবস্থাপক, বৈদেশিক মুদ্রানীতি বিভাগ, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা।
- ৩। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
(Website এ প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
- ৫। বাজেট অফিসার, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
- ৬। হিসাব রক্ষণ কর্মকর্তা, পরিকল্পনা বিভাগ, ঢাকা।